গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৫
www.lawjusticediv.gov.bd

**অতিব জরুরি**

নং ১০.০০.০০০০.১২৯.১৮.০১৬.১৬-৫৩০

তারিখঃ ০৭ চৈত্র ১৪২২ বঙ্গাব্দ
২০ এপ্রিল ২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২৮ এপ্রিল, ২০১৬ খ্রিঃ তারিখ 'জাতীয় আইনগত সহায়তা দিবস' উদ্‌যাপন প্রসঙ্গে।
সূত্র ঃ ০৪.০০.০০০০.৩১১.০৬.১০৩.১৩.৯৭(৩), তারিখ ২৯/০১/১৩, মন্ত্রিপরিষদ বিভাগ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের সূত্রোক্ত স্মারকমূলে সরকার ২৮ এপ্রিল তারিখ কে 'জাতীয় আইনগত সহায়তা দিবস' ঘোষণা করেছে। এ প্রেক্ষিতে আগামী ২৮ এপ্রিল, ২০১৬ খ্রিঃ তারিখ দিবসটি সারাদেশে যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপনের নিমিত্ত আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের পক্ষ হতে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। জাতীয় আইনগত সহায়তা দিবস, ২০১৬ এর প্রতিপাদ্য বিষয় হলো ঃ

**'গরিব দুঃখীর বিচার পাওয়ার অধিকার**

**বর্তমান সরকারের অঙ্গীকার'**

০২। এমতাবস্থায়, দরিদ্র, নিঃস্ব ও সুবিধাবঞ্চিত মানুষের আইনগত অধিকার প্রতিষ্ঠায় জেলা, উপজেলা ও ইউনিয়ন লিগ্যাল এইড কমিটি, জেলা প্রশাসন, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও ইউনিয়ন পরিষদ কার্যালয়ের যৌথ উদ্যোগে যথাযোগ্য মর্যাদায় দিবসটি উদ্‌যাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা গেল।

20.04.2016

(তৈয়বুল হাসান)
সিনিয়র সহকারী সচিব (প্রশাসন)
Email : section5@lawjusticediv.gov.bd
ফোন: ৯৫৭৭৪২০

<u>কার্যার্থে বিতরণ</u> ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। বিভাগীয় কমিশনার (সকল বিভাগ) ...
২। জেলা ও দায়রা জজ (সকল) ... (জেলা প্রশাসনের সাথে যৌথ উদ্যোগে দিবসটি পালনের অনুরোধসহ )
৩। জেলা প্রশাসক (সকল)... (জেলা লিগ্যাল এইড কমিটিকে দিবসটি উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় সার্বিক সহায়তা প্রদানের অনুরোধসহ)
৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)... (জেলা লিগ্যাল এইড কমিটি/ উপজেলা লিগ্যাল এইড কমিটির যৌথ উদ্যোগে দিবসটি পালনের অনুরোধসহ)

<u>অনুলিপি</u> ঃ সদয় জ্ঞাতার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মাননীয় প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২. যুগ্ম সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৫. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়।
৬. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭. প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
৯. যুগ্ম সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১০. উপ-সচিব (প্রশাসন-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
১১. অফিস কপি।